

যুক্ত

তারিখ
স্থান

NO. O-4 2002

রাবি ছাত্রদলের কাউন্সিলে সংঘর্ষ : লাঠিচার্জ

রাজশাহী ব্যুরো

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের কাউন্সিল অধিবেশনকে কেন্দ্র করে বোকবার সন্ধ্যায় বিরমমান দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ও পুলিশের লাঠিচার্জের ঘটনায় ক্যাম্পাস রণক্ষেত্রে পরিণত হয়। এ সময় ঢাকা থেকে আগত কেন্দ্রীয় নেতাদের গাড়ি অবরোধের ঘটনা ঘটে। উত্তপ্ত পরিস্থিতিতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। সম্মেলনস্থল কাঠী নজরুল ইসলাম মিলনায়তনে সভাপতি প্রার্থী দুই গ্রুপের সমর্থকরা মুসোমুসি অবস্থান নিয়েছে।

গতকাল ছাত্রদল রাবি শাখার সম্মেলনকে কেন্দ্র করে সকাল থেকেই দুই গ্রুপের মধ্যে রাবি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

রাবি : সংঘর্ষ

(১ম পৃষ্ঠার পর)

উত্তেজনা বিরাজ করছিল। দুপুর ১২টায় বাহ্য প্রভিমন্ত্রী আমানউল্লাহ আমান ও ছাত্রদল কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক আজিজুল বারী হেলাল কাঠী নজরুল ইসলাম মিলনায়তনে কাউন্সিলের উদ্বোধন করেন। সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত কাউন্সিল চলতে থাকলেও মাঝে মাঝে উভয় গ্রুপের মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়। কাউন্সিল শেষে বিশ্ববিদ্যালয়ের কমিটি ক্যাম্পাসের বাইরে গঠন করার ঘোষণা দিলে স্থানীয় নেতাকর্মীরা চিৎকার দিয়ে প্রতিবাদ করতে থাকেন। এ সময় ঢাকা থেকে আগত নেতৃবৃন্দ কাউন্সিলস্থল ত্যাগ করার চেষ্টা চালান। কিন্তু স্থানীয় নেতাকর্মীরা তাদের গাড়িবহরের সামনে ভয়ে পড়েন। পুলিশ ভয়ে পড়া নেতাকর্মীদের ওপর লাঠিচার্জ করে। এ সময় সভাপতি প্রার্থী উজ্জ্বল গ্রুপ ও শিমুল গ্রুপের নেতাকর্মীদের মাঝে হাতাহাতি ও ধাওয়া-পাশ্চাধাওয়ার ঘটনা ঘটে। প্রায় ২০ মিনিট ধাওয়া-পাশ্চাধাওয়ার পর পুলিশ নেতৃবৃন্দের গাড়িবহরকে কড়া নিরাপত্তায় ক্যাম্পাসের বাইরে নিয়ে আসে। বর্তমানে ক্যাম্পাসে বিস্ফোরণোদ্ভূত পরিস্থিতি বিরাজ করছে। উভয় গ্রুপ কাউন্সিলস্থলের আশপাশে ও আবাসিক হলগুলোতে বণ্ড-বণ্ড মিছিল এবং সমাবেশ করছে।